**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য শূণ্য পদে সেবা গ্রহণের কার্যক্রম মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর পরিবর্তে প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা এর মাধ্যমে সম্পাদনের নিমিত্ত বোর্ড সচিবালয়, বাপাউবো এর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.২০-১২৫; তারিখঃ ১৫ই চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/ ২৯ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ মোতাবেক গঠিত কমিটির ০৮/০৪/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী ঃ**

সভাপতিঃ জনাব মোঃ আব্দুল হান্নান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
সভার তারিখঃ ০৮/০৪/২০২১ খ্রিঃ।
সভার সময়ঃ ১২.০০ ঘটিকা।
স্থানঃ পানি ভবন (কক্ষ নং-২১১)।
উপস্থিতিঃ পরিশিষ্ট-ক।

## ১। উপস্থাপনা ও আলোচনাঃ

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দদের ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কমিটির সদস্যগনের আলোচনায় অংশগ্রহনের জন্য আহবান জানান। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ঃ

১.১। কমিটি কর্তৃক সুপারিশকৃত ও বোর্ডের অনুমোদনক্রমে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ কত বছর মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত হবে বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সদস্যগন আপাতত ১ (এক) বছর মেয়াদে চুক্তি ভিত্তিক নিয়োগের বিষয়ে মতামত প্রদান করেন।

১.২। পানি উন্নয়ন বোর্ডের সেটআপভুক্ত ২৯ ক্যাটাগরীর বিপরীতে আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ কার্যক্রমের বিষয়ে আলোচনা হয়। স্বল্প সময়ের মধ্যে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু করতে ক্যাটাগরীভিত্তিক ধাপে ধাপে দরপত্র আহবানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের ছাড়পত্র থাকায় আপাতত ১ম ধাপে ১৮ (আঠারো) ক্যাটাগরীতে ৫ (পাঁচ) টি প্যাকেজে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগ করা যুক্তিযুক্ত হবে মর্মে সভায় উপস্থিত সদস্যগন মতামত দেন।

১.৩। সভায় আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগের লক্ষ্যে দরপত্র প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হয়। দরপত্র আহবানের ক্ষেত্রে আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী এবং CPTU কর্তৃক অনুমোদিত Procurement of Non-Consulting Service (PSN) ব্যবহার করে দরপত্র আহ্বানের বিষয়ে আলোচনা হয়। এ ক্ষেত্রে ক্রয়কারী দপ্তর হিসেবে কমিটি নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা-কে নির্বাচন করা হয়। দরপত্র আহবানের পূর্বে প্রতিটি প্যাকেজের প্রাক্কলন কমিটির সদস্যবৃন্দ কর্তৃক যাচাই বাছাই করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয় যেন আউটসোর্সিং নীতিমালা যথাযথভাবে প্রতিফলিত হয়। দরপত্র দলিলের TDS এবং PCC প্রস্তুত করে নিয়োগ কমিটি ও কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল এর মাধ্যমে ভেটিং করার বিষয়ে সভার সদস্যগণ একমত পোষণ করেন। পিপিআর এর আলোকে ও আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী ই-জিপির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পাদন করার বিষয়ে সকলে মতামত দেন।

১.৪। আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য জনবলের সংখ্যা, যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স নির্ধারণের বিষয়ে ইতোপূর্বে মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর হতে গৃহীত কার্যক্রমের ভিত্তিতে নিয়োগের সুপারিশমালা প্রণয়ন যথার্থ হবে মর্মে সভায় মতামত প্রদান করা হয়।

১.৫। কমিটির কার্যপরিধি-ii অনুযায়ী প্রয়োজনীয় জনবলের তালিকা প্রস্তুত পূর্বক বোর্ডের অনুমোদন গ্রহণ এবং কার্যপরিধি-iii অনুযায়ী দপ্তর ভিত্তিক চাহিদা নিরূপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইতোপূর্বে মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর কর্তৃক দপ্তর ভিত্তিক চাহিদার আলোকে বিভিন্ন ক্যাটাগরীর জনবলের তালিকা প্রস্তুত করা হয়েছে যা অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত। এছাড়া যেসব ক্যাটাগরীর জনবলের তালিকা এখনও অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন এর জন্য অপেক্ষমান সেসকল ক্ষেত্রে মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর হালনাগাদকৃত চাহিদার ভিত্তিতে জনবলের তালিকা প্রনয়ন কওে কমিটির নিকট প্রেরন করা হলে কমিটি তা যাচাই-বাছাই করে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পারবে মর্মে কমিটির সদস্যগন মতপ্রকাশ করেন।

১.৬। কমিটির কার্যপরিধি- vi ও vii নিয়ে সভায় আলোচনা হয়। কার্যপরিধি দুটির মধ্যে কিছু অসামঞ্জস্যতা থাকায় কমিটির কার্যপরিধি থেকে তা বাদ দেওয়ার বিষয়ে কমিটির উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

১.৭। আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত জনবল পরিচালনা, আউটসোর্সিং কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট বিষয়ে সভার সদস্যগণ আলোচনা করেন। নিয়োগযোগ্য জনবলসমূহ বাপাউবো'র দেশব্যাপী বিভিন্ন দপ্তরে কর্মরত থাকবে। এ সকল জনবল ব্যবস্থাপনাসহ আউটসোর্সিং



Scanned with CamScanner

এর জন্য নিয়োগকৃত ঠিকাদারি প্রতিষ্ঠানদের চুক্তির শর্ত অনুযায়ী পরিচালনা করা এবং কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট বিষয়ে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে কমিটির সদস্যবৃন্দ আলোচনা করেন। সভাপতি মহোদয় কমিটির পরবর্তী সভায় সদস্যগণদের এ বিষয়ে সুনির্দিষ্ট পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করেন।

২। **সিদ্ধান্ত ঃ**

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

২.১। আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ ১ (এক) বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন এবং সে অনুযায়ী আউটসোর্সিং এর জন্য নিয়োগকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি করতে হবে। চুক্তি সম্পাদনের পর বাপাউবো'র মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তরের মাধ্যমে চুক্তিভিত্তিক জনবল বিভিন্ন দপ্তরের অধীনে নিয়োজিত করবে।

২.২। প্রথম পর্যায়ে সেটআপভূক্ত ২৯ ক্যাটাগরীর মধ্যে আপাতত ১৮ (আঠারো) ক্যাটাগরীতে ৫ (পাঁচ) টি প্যাকেজে দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৩। পিপিআর এর আলোকে ই-জিপির মাধ্যমে দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা ক্রয়কারী দপ্তর হিসেবে দরপত্র আহবান করবে। আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী এবং CPTU কর্তৃক অনুমোদিত Procurement of Non-Consulting Service (PSN) ব্যবহার করে দরপত্র আহ্বান করা হবে। দরপত্র দলিলের TDS এবং PCC প্রস্তুত করে নিয়োগ কমিটি ও কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল এর মাধ্যমে ভেটিং করে দরপত্র আহবান করবে। এছাড়াও মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর প্রতিটি প্যাকেজের প্রাক্কলন আউটসোর্সিং নীতিমালা এবং সরকার কর্তৃক প্রণীত পরিপত্র/প্রজ্ঞাপন অনুযায়ী করবে যা কমিটির সদস্যবৃন্দ কর্তৃক যাচাই বাছাই পূর্বক ভেটিং করবে।

২.৪। অনুমোদিত সেটআপ অনুযায়ী জনবলের সংখ্যা, যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স নির্ধারণের বিষয়ে মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর কর্তৃক সুপারিশমালা অনুসারে প্রনয়ন করা হবে।

২.৫। অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত তালিকার ভিত্তিতে আউটসোর্সিং এর জন্য দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট ক্যাটাগরীর জন্য মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর হালনাগাদকৃত চাহিদার ভিত্তিতে জনবলের তালিকা প্রনয়ন করে পূর্বের ন্যায় অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের ব্যবস্থা করবে। অনুমোদন প্রাপ্তির পর কমিটি নিয়োগ প্রক্রিয়ার ব্যবস্থা গ্রহন করবে।

২.৬। কমিটির দপ্তরাদেশে বর্ণিত কার্যপরিধি-vi ও vii বাদ দিয়ে সংশোধিত দপ্তরাদেশ জারীর লক্ষ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন জন্য কমিটির মাধ্যমে প্রস্তাব বোর্ডে উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত

(মোঃ আব্দুল হান্নান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ঢাকা পওর সার্কেল, বাপাউবো,ঢাকা
ও
আহ্বায়ক
আউটসোর্সিং নিয়োগ কমিটি।



Scanned with CamScanner

স্মারক নং- বি-১/৬০৫৯                                                    তারিখঃ ১৬/৪/২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২। সচিব, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ কবির আহম্মদ, পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য।
৭। জনাব ওবায়দুল ইসলাম, পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য।
৮। জনাব আবু তালেব, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেন্দ্রীয় যান্ত্রিক সার্কেল, বাপাউবো, তেজগাঁও, ঢাকা ও সদস্য।
৯। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১০। জনাব খন্দকার আবু সাঈদ, উপ-পরিচালক (প্রশাসন), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা ও সদস্য।
১১। জনাব মোঃ হাফিজুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, কন্ট্রাক্ট এবং প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা ও সদস্য।
১২। জনাব মোঃ পলাশ চন্দ্র সরকার, উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা ও সদস্য।
১৩। জনাব আবু নাসের মোঃ কাসেম, নির্বাহী প্রকৌশলী (নিয়োগ), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য।
১৪। জনাব দেওয়ান আইনুল হক, নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো, ঢাকা ও সদস্য সচিব।
১৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১৬। দপ্তর কপি।

13.04.21

(দেওয়ান আইনুল হক)
নির্বাহী প্রকৌশলী
ঢাকা পওর বিভাগ-২
বাপাউবো,ঢাকা
ও
সদস্য সচিব
আউটসোর্সিং নিয়োগ কমিটি।



Scanned with CamScanner